

## **া** পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ১০. চূড়ান্ত নির্দয়তা: দয়া প্রদর্শন নিষিদ্ধ

শক্রদেশ ও জাতির মানুষদেরকে হত্যা ও নির্মূল করার বিষয়ে কোনোরূপ দয়া প্রদর্শন নিষিদ্ধ ও শাস্তিযোগ্য অপরাধ। চূড়ান্ত ও নির্ভেজাল নির্দয়তাই ঈশ্বরের নির্দেশ: "তোমাদের মাবুদ আল্লাহ তোমাদের হাতের মুঠোয় যে সব জাতি এনে দেবেন তাদের সবাইকে তোমাদের ধ্বংস করে ফেলতে হবে। তাদের তোমার দয়া দেখাবে না (তোমার চক্ষু তাহাদের প্রতি দয়া না করুক)।" (দ্বিতীয় বিবরণ ৭/১৬)

নির্দয়তার নির্দেশনায় বাইবেলে আরো অনেক বক্তব্য বিদ্যমান। কয়েকটা নমুনা দেখুন: যিশাইয় ১৩/১৮; যিরমিয় ১৩/১৪; ২১/৭; যিহিস্কেল ৫/১১; ৭/৪; ৭/৯; ৮/১৮; ৯/৫; ৯/১০; অমোস ১/১১; সখরিয় ১১/৫; ১১/৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14555

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন